

বললেন অমর্ত্য সেন

মোহগ্রস্ততার অবসান ঘটাতে পারে বামপন্থীরাই

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ২৭ আগস্ট— গণতান্ত্রিক পরিবেশ থাকলে সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিতে পারে না। দুর্ভাগ্যের হলেও এটা সত্যি যে দেশে গণতান্ত্রিক পরিবেশ নেই বলেই স্বাধীন, মুক্তমনা, সমাজ সচেতন মানুষকে প্রাণ দিয়ে তার মূল্য দিতে হচ্ছে। তাঁদের মূল্যের বিনিময় দেশের মানুষ গণতন্ত্রের স্বাদ ফিরে পাবেন বলে আশাবাদী নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন।

মঙ্গলবার রবীন্দ্র সদনে ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ, কলকাতার প্রতিষ্ঠা দিবসে ‘বাঙালি হয়ে ওঠা’ শীর্ষক বক্তব্য রাখার পর প্রশ্নোত্তর পর্বে একথা বলেছেন তিনি। অমর্ত্য সেন এদিন বলেন, গণতান্ত্রিক পরিবেশ থাকলে জীবন জীবিকার কথা, তাঁর যন্ত্রণার কথা, লড়াইয়ের কথা সোচ্চারে বলতে পারেন মানুষ। সাম্প্রদায়িক শক্তি মাথা চাড়া দিলে মানুষকে সে কথা থেকে বিরত রাখা হয়। মানুষ মোহগ্রস্ত হয়ে পড়েন। বামপন্থীরাই পারেন এই মোহগ্রস্ততার অবসান ঘটাতে।

এদিন ছিল ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজ, কলকাতা প্রতিষ্ঠা দিবস। এবারের প্রতিষ্ঠা দিবসে বিষয় রাখা হয়েছে ‘বাঙালি হয়ে ওঠা।’ বিষয়ের মূল বক্তা ছিলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন। সভাপতিত্ব করেছেন অর্থনীতিবিদ অমিয় বাগচী। ‘বাঙালি হয়ে ওঠা’ বিষয়ের ওপর বক্তব্য রাখতে গিয়ে অমর্ত্য সেন বাংলার কৃষ্টি, সংস্কৃতি, বাংলা ভাষা, বাংলার গান, বাংলার দেশপ্রেম, বাংলার রাজনীতি, অর্থনীতি নানা ঘটনার প্রসঙ্গ তুলে ধরেন। বাংলার ক্যালেন্ডার তৈরি হওয়ার পেছনে বাংলার সংস্কৃতি ও কৃষ্টি কিভাবে জড়িয়ে ছিল, তা তুলে ধরেন। এ প্রসঙ্গে হিন্দু ও মুসলিম মানুষদের যৌথ অবদানের কথা উল্লেখ করে অমর্ত্য সেন বলেছেন, হিন্দু বা মুসলিম সম্প্রদায়ে গরিব, ধনী, ফকির, বিত্তবান সকলের মিলিত প্রয়াসে বাংলার সমৃদ্ধশালী হয়েছে। তাই মিলেমিশে থাকা বাংলার সংস্কৃতি নষ্ট করা সহজ নয় বলে তাঁর মত।